

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭২১

কাঞ্চনপুর, ১৮ নভেম্বর, ২০২৩

দশদা ব্লকভিত্তিক যুব উৎসব

দশদা কমিউনিটি হলে গতকাল দশদা ব্লকভিত্তিক যুব উৎসব অনুষ্ঠিত হয়। দশদা ব্লক এবং যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর যৌথ উদ্যোগে এই উৎসবের আয়োজন করে। এই উৎসবের উদ্বোধন করে এমডিসি শৈলেন্দ্র নাথ বলেন, দেশ ও সমাজকে সঠিক দিশায় এগিয়ে নিয়ে যেতে যুব সমাজকে অগ্রণী ভূমিকা নিতে হবে। এছাড়াও যুব উৎসবের তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন দশদা ব্লকের অতিরিক্ত বিডিও প্রশাস্ত চক্ৰবৰ্তী, দশদা বিএসি চেয়ারম্যান উদার রাম রিয়াৎ, ভাইস চেয়ারম্যান সঞ্জিত রিয়াৎ প্রমুখ। স্বাগত ভাষণ দেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের আধিকারিক অভিজিৎ চৌধুরী। যুব উৎসবে দশদা ব্লক এলাকার যুবক যুবতীগণ সমবেত ও একক লোকসঙ্গীত ও লোকনৃত্য সহ বিভিন্ন ইভেন্টের প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন। অনুষ্ঠান শেষে প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে শংসাপত্র তুলে দেন অতিথিগণ।
